

সাগরে নিখোঁজের সাড়ে তিন ঘণ্টা পর আইআইইউসির ২ ছাত্রের লাশ উদ্ধার

সীতাকুণ্ড

সৌমিত্র চক্রবর্তী ■ সীতাকুণ্ড

সীতাকুণ্ডে সাগরে গোসলে নেমে নিখোঁজের সাড়ে তিন ঘণ্টা পর দুই পর্যটকের লাশ উদ্ধার হয়েছে। নিহত দুজনই আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের (আইআইইউসি) শিক্ষার্থী বলে জানা গেছে। সোমবার বিকেলে উপজেলার বাঁশবাড়িয়া সমুদ্র সৈকতে নেমে সাগরের ঢেউয়ে ভেসে গিয়েছিলেন তারা। রাত ১০টার পর স্থানীয়রা তাদের লাশ দেখতে পেয়ে পুলিশ ও জনপ্রতিনিধিদের খবর দিলে তারা এসে মরদেহ উদ্ধার করেন। স্থানীয়রা জানান, সোমবার বিকেলে কয়েকজন পর্যটক সীতাকুণ্ড উপজেলার বাঁশবাড়িয়া সমুদ্র সৈকতে বেড়াতে আসেন। সন্ধ্যা ৬টার দিকে সাগর পাড়ে বেড়ানো শেষে তিনজন সাগরে



আলী আহসান মারুফ ও মো. এনায়েত উল্লাহ

গোসলে নামেন। তাদের মাঝে আলী আহসান মারুফ (২০) ও মো. এনায়েত উল্লাহ (২০) নামে দুই ● ২য় পৃষ্ঠার ৭ম ক.

বুধবার
১৫ জুলাই ২০২৩
১১ বালা ১৪৩০
৭ মাস ১৪৪৫
৪-১১, সখা-১১

সৈকতে ডুবে দুই শিক্ষার্থীর মৃত্যুতে আইআইইউসি'র দোয়া মাহফিল

সীতাকুণ্ড বাঁশবাড়ীয়া সমুদ্র সৈকতে পানিতে ডুবে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর দুই শিক্ষার্থীর মর্মান্তিক মৃত্যুতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীর শোক প্রকাশ করেছে এবং বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে গতকাল মঙ্গলবার বাদ যোহর নিহত শিক্ষার্থীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করে। উক্ত দোয়া মাহফিলে আইআইইউসি উপাচার্য প্রফেসর আনোয়ারুল আজিম আরিফ, রেজিস্ট্রার এএফএম আখতারুজ্জামান কায়সার, প্রক্টর মো. ইফতেখার উদ্দিন সহ ফ্যাকাল্টি ডিনবন্দ, ডিপার্টমেন্ট চেয়ারম্যানবন্দ, ডিভিশনের পরিচালকগণ, কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। দোয়া মাহফিলে দোয়া পরিচালনা করেন শরীয়াহ ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. মোহাম্মদ মোস্তফা কামিল। দোয়া মাহফিলে নিহত শিক্ষার্থীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয় ও তাদের শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। বিজ্ঞপ্তি

Ref: Purbodsh, date: 26 July 2023, Page: 2, Col: 3
<http://epurbodsh.com/m/68642/64c01893c07b3>